

সভানেত্রী

ডঃ অরিজিত দাস

(কবি বর্তমানে ধর্মনগর ডিগ্রী কলেজে চাকুরীরত, কেমিস্ট্রি বিভাগের প্রধান। ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের প্রথম ফেলোশিপ প্রাপ্ত PMLPMRF হিসাবে।)

একটু আগেও তোমার উপস্থিতি,
তাইতো তোমার স্মৃতির সুরভি হৃদয় জুড়ে আছে,
ভুবুক তোমাতে আমার সকল স্বপ্নতরী।
মন বাগিচায় মাঝে মাঝে তোমাকে হারানোর ভয়,
তাইতো তোমার কথা ভেবে ভেবে শান্ত বসে থাকি মৌন শিখায়।
যখন তুমি আমার দিকে, তাকাও দুচোখ মেলে,
ভেতর মহলে এক আলোড়ন অনুভূত হয়,
ভাঙচুর হতে থাকে বুকের পাঁজর গুলো।
হৃদয়ের এই গোপনীয়তা, শুধু নিজের।
মাঝে মাঝে অজ্ঞাতসারে মন চলে যায় শৈশবের সেই নদীর বাঁকে।
কেন শুধু শুধু ব্যাথার তরী নিয়ে ডুবছো সরোবরে,
আমিও কিন্তু দৌড়ে যেতে পারি ভগ্ন কাঁচে।
দিনের পর দিন যখন বসে থাকি ইথারে আলাপনের অপেক্ষায়,
মাঝে মাঝে, তখন মনে হয়,
ব্রত নিয়েছো বোধ হয় তুমি নীরবতার,
এই ভাবে কেটে যায় দিনের পর দিন।